INDEX

Proceedings of the Tripura Legislative Assembly Assembled under the provisions of the Government of Union Territories Act : 1963

11th April, 1966.

The House met in the Assembly Chamber, Agartala at 11 A M. on Monday, the 11th April, 1966.

PRESENT

Shri Upendra Kr. Roy, Speaker in the Chair, one Deputy Minister, the Deputy Speaker and twenty one Members.

Mr. Speaker :—I take up the first item, Starred Questions. I would call on Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :— 611.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 611.

QUESTION	ANSWER.
1. Whether there is any Departmental promotion Committee in the Education Department ;	Yes.
2. If not, what are the reasons of not forming such a Committee so long;	
3. And whether the Govt. proposes to form a such Committee without any further delay ?	Does not arise.

শ্রীআতিকুল ইসলাম :—এই কমিটি কাদের কাদের নিয়ে গঠিত ?

শ্রী এম, এল, ভৌমিক ঃ—শ্রী জি, এন, চাটার্জী, — এক্স অফিসিও সেক্রেটারী চেয়ারম্যান।

শ্রী আই, কে, রায় — মেম্বার।

শ্রী এস, কে, চৌধুরী, প্রিন্সিপাল, এম, বি, বি, কলেজ। — ঐ

শ্রী এম, এম, দাসগুপ্ত, প্রিন্সিপাল, ত্রিপুরা ইঞ্জিনীয়ারীং কলেজ। — ঐ

শ্রীআতিকুল ইসলাম ঃ—এই কমিটির ফাংসান কি ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— ডিপার্টমেণ্টাল ডি, পি, সি কমিটির যে সমস্ত ফাংশান, তাই তারা করেন—যেমন তাদের যে সমস্ত স্টাফের প্রমোশান কেস আসে তাদের সিনিয়ারিটি, এক্সপিরিয়েন্স সব কিছু তারা দেখেন।

শ্রীআতিকুল ইসলাম ঃ—এডুকেশান ডিপার্টমেণ্টে যে সমস্ত প্রমোশান দেওয়া হয়েছে, এই সব ক্ষেত্রে ডিপার্টমেণ্টাল প্রমোশান কমিটির থ্রুতে দেওয়া হয়েছে না ডিরেক্টার নিজে দিয়েছেন ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— সব ক্ষেত্রেই ডিপার্টমেণ্টাল প্রমোশান কমিটির রেকম্যানডেশান অনুসারেই প্রমোশান দেওয়া হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ— যেসব ক্ষেত্রে প্রমোশান দেওয়া হয়েছে, সিনিয়রিটি ভিত্তিক দেওয়া হয়েছে না এমনিতেই দেওয়া হয়েছে ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— কেবল মাত্র সিনিয়রিটির প্রশ্নই সেখানে দেখেনা, সিনিয়রিটি, এফিশিয়েন্সী এবং ইন্টিগ্রিটি, সবগুলি প্রশ্নই সেখানে বিবেচনা করা হয়ে থাকে।

শ্রীআতিকুল ইসলাম ঃ— গভর্ণমেণ্ট এফিশিয়েন্সি কি ভিত্তিতে বিচার করেন ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ—বাই দি পারফরমেন্স অব দি ইনকাম্বেণ্ট কনসারণ্ড।

শ্রীআতিকুল ইসলাম ঃ—যে নাকি এফিশিয়েণ্ট নয় তাকে কি জানিয়ে দেওয়া হয় যে তোমার কাজটা এফিশিয়েণ্ট নয়, তুমি তোমার কাজটা ইমপ্রুভ কর, এইরকম ইনফরমেশান দিয়ে এমপ্লয়ী কনসারণ্ডকে কি জানিয়ে দেওয়া হয় ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— সাধারণতঃ নিয়ম তাই।

শ্রীআতিকুল ইসলাম ঃ— ডিপার্টমেণ্ট থেকে কোন টীচারকে কি জানান হয়েছে যে তোমার কাজকর্ম এফিশিয়েণ্ট নয়, তুমি তোমার কাজকে ইমপ্রুভ কর ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আই ডিমাণ্ড নোটিশ। কোন টীচারকে জানিয়েছেন কিনা সেটা এখানে বলা সম্ভব নয়।

শ্রীআতিকুল ইসলাম ঃ—এডুকেশান ডিপার্টমেণ্ট কি বহুক্ষেত্রে সিনিয়রিটিকে অবজার্ভ না করে জুনিয়ারকে প্রমোশান দেন নি ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— আমার যতটুকু ধারণা, মাননীয় অধ্যক্ষ মহোদয়, সব ক্ষেত্রেই সিনিয়রিটিকে অবজার্ভ করে তারা বিবেচনা করে থাকেন।

শ্রীআতিকুল ইসলাম ঃ—কিছুকাল আগে যে কিছু ইনসপেক্টার অব স্কুলসকে প্রমোশান দিয়ে হেডমাষ্টার অব হায়ার সেকেণ্ডারি স্কুল করা হয়েছে, সেক্ষেত্রে কি সিনিয়ারিটি ইগনোর করা হয় নি ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে স্পষ্ট ভাবে বলেছি যে শুধু সিনিয়রিটী, কেবল মাত্র লেংথ অফ্ সার্ভিসই বিবেচ্য বিষয় নয়, সিনিয়রিটি এক্সপিরিয়েন্স, এফিসিয়েন্সি, ইন্টিগ্রিটি ইত্যাদি সব ক্ষেত্রে বিবেচনা করা হয়।

শ্রীআতিকুল ইসলাম ঃ— ২০/২৫ বছর যাবত যারা চাকুরী করছেন হায়ার সেকেণ্ডারি স্কুলে এবং যারা নাকি এফিসিয়েণ্টলি কাজ করেছেন বলে আমরা ধরে নিতে পারি, তাদের প্রোমোশান না দিয়ে, যারা পাঁচ ছয় বছর কাজ করছেন তাদের প্রমোশান দিয়ে হেডমাষ্টার অব দি হায়ার সেকেণ্ডারি স্কুল করা হল কেন ?

শ্রীএম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইরকম কিছু করা হয়েছে বলে আমার জানা নাই, তবে আমি পূর্বে যা বলেছি, এসমস্ত ফেক্টারগুলি বিবেচনা করে প্রমোশান দেওয়া হয়ে থাকে। সমস্ত ক্ষেত্রেই এইগুলি বিবেচনা করা হয়।

শ্রীআতিকুল ইসলাম :— ১৮ জন ইনসপেক্টার অব স্কুলসকে সিনিয়রিটি না মেনে হেড মাষ্টার অব দি হায়ার সেকেণ্ডারী স্কুলস করা হয়েছে, মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন সেই ক্ষেত্রে তাদের সিনিয়রিটি, এফিশিয়েন্সী বিচার করে দেখা হয়েছে কিনা, অন্যদের সঙ্গে কম্পেয়ার করে ?

Mr. Speaker :—They are in the same level as regards to their educational qualification.

Shri Atiqul Islam :—There are trained graduates

Shri M. L. Bhowmik :—It may be the same as regards to their qualification. কিন্তু শুধু কোয়ালিফিকেশান দিয়ে তা বিচার করা হয় না।

Mr Speaker :—No, it is one factor.

শ্রীআতিকুল ইসলাম :— স্যার, যারা নাকি ইনস্পেক্টার অব স্কুলস্, তার টিচিং কোয়ালিফিকেশান থাকার কথা নয়, হি ইজ ইনস্পেক্টার অব স্কুলস্ অথচ তাকে এনে হেডমাষ্টার অব স্কুলস, করে দিলেন, আর যারা নাকি অলরেডি টিচিং ইন দি স্কুলস এবং এক্সপিরিয়েনসড টিচার তাকে দিলাম না কি দেখা হয় সেখানে ?

মিঃ স্পীকার :— হেডমাষ্টার'স পোষ্ট ইজ এন এ্যাডমিনিষ্ট্রেটিভ পোষ্ট।

শ্রীএম, এল, ভৌমিক :— এ্যাডমিনিষ্ট্রেটিভ এক্সপিরিয়েন্সও তাদের রয়েছে এবং এটাও বিবেচনা করা হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম :—ইনস্পেক্টার অব স্কুলস' এর এ্যাডমিনিষ্ট্রেটিভ কোয়ালিফিকেশান আছে, আর যারা নাকি ১৫/২০ বছর ধরে স্কুলে মাষ্টারি করছেন, এ্যাজ রিগার্ডস টিচিং, এ্যাজ রিগার্ডস আদার কোয়ালিফিকেশান, এ্যাডমিনিষ্ট্রেশান অলসো, সেই ক্ষেত্রে তাকে ইগনোর করে দেওয়া গেল, সেটা কি তাদের প্রতি ইনজাষ্টিস করা হল না ?

শ্রীএম, এল, ভৌমিক :—কারো প্রতি ইনজাষ্টিস করা হয়নি, সমস্ত অবস্থা বিবেচনা করেই প্রমোশান দেওয়া হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম :—সিনিয়ার বেসিক স্কুল'এর হেডমাষ্টারকে হাইস্কুলের হেডমাষ্টার করা হল কেন ? তাদের কি দেখে করা হল ?

শ্রী এম, এল, ভৌমিক :— তাদের যা কোয়ালিফিকেশান থাকা দরকার, তা তাদের আছে, তদুপরি তাদের এ্যাডমিনিষ্ট্রেটিভ এক্সপিরিয়েন্স আছে, তাদের এফিশিয়েন্সী আছে, ইন্টিগ্রিটি আছে, প্লাস কোয়ালিফিকেশান, এই সমস্ত দিক থেকে তারা বিবেচিত হয়েছে এবং হেডমাষ্টার তাদের করা হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম :— সিনিয়ার বেসিক স্কুল হচ্ছে এক ধরণের স্কুল, এবং হাই স্কুল হচ্ছে আরেক ধরণের স্কুল, দুইটা দুই ধরণের স্কুল, কাজেই সেই ক্ষেত্রে সে স্কুলে যারা মাষ্টারী

করছেন তাদের হেডমাষ্টার না করে সিনিয়র বেসিক স্কুল থেকে তুলে এনে তাদের হেডমাষ্টার করা হল কেন?

শ্রীএম, এল, ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এর কোন বার নাই যে যারা সিনিয়র বেসিক স্কুলে হেডমাষ্টার তাদেরকে হায়ার সেকেণ্ডারি স্কুলে হেডমাষ্টার করা যাবে না, এই জাতীয় কোন বার নাই।

শ্রীআতিকুল ইসলাম ঃ—বারের কথা হচ্ছেনা, এটা হচ্ছে কোয়েশ্চান অব জাষ্টিস, এটা তাদের প্রতি জাষ্টিস করা হল কিনা?

শ্রীএম, এল, ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রশ্নের উত্তরে বলেছি যে আমরা সকলের ক্ষেত্রেই সুবিচার করেছি, সকল অবস্থায় বিচার বিবেচনা করে তাদের প্রমোশান দেওয়া হয়েছে।

শ্রীকরুণাময় নাথ চৌধুরী :— এফিসিয়েন্সীর কথা বলা হয়েছে, এফিসিয়েন্সী কিভাবে ডিটারমিন করা হয় জানতে পারি কি?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, that is to be determined by the Department concerned.

শ্রীকরুণাময় নাথ চৌধুরী ঃ— এখানে ইন্‌টিগ্রিটির কথা বলা হয়েছে, আমরা জানতে পারি কি ইন্‌টিগ্রিটির অভাবে এক্‌সপিরিয়েন্সড, এফিশিয়েন্ট কাউকে বাদ দেওয়া হয়েছে কিনা?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নটা বুঝলাম না।

শ্রীকরুণাময় নাথ চৌধুরী ঃ— একজন এক্‌সপিরিয়েন্সড, এডুকেশান কোয়ালিফিকেশান এবং এফিশিয়েন্সী তার আছে, মাইনাস ইন্টিগ্রিটি এইরকম কাহাকেও বাদ দেওয়া হয়েছে কি?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইরকম কিছু আমার জানা নাই, সো আই ডিম্যাণ্ড নোটিস।

শ্রীকরুণাময় নাথ চৌধুরী ঃ— ইন্‌টিগ্রিটির অভাবে কাউকে ডিপার্টমেণ্ট থেকে বরখাস্ত করা হয়েছে কি?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, শুধু ইন্‌টিগ্রিটির জন্য প্রমোশান বিবেচনা করা হয় না, শুধু একটা ফেক্টার বিবেচনা করা হয় নাই, সবগুলি ফেক্টারই বিবেচনা করা হয়েছিল। কাজেই কাউকে ইন্‌টিগ্রিটির প্রশ্নে বাদ দেওয়া হয়েছে কিনা সেটা বলা সম্ভব নয়।

শ্রীআতিকুল ইসলাম ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন, ফেভারিটিজমের ভিত্তিতে প্রমোশন দেওয়া হয়?

শ্রীএম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, দ্যাট ইজ নট এ ফ্যাক্ট, কোন প্রকার ফেভারিটিজম আমাদের এখানে নেই।

শ্রীআতিকুল ইসলাম ঃ— এটা কি সত্যি নয় যে ফেভারিটিজমের ভিত্তিতে প্রমোশন দেওয়া হয়?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, দ্যাট ইজ নট এ ফ্যাক্ট। কোন প্রকার ফ্যাভারিটিজম আমাদের এখানে নেই।

Shri Karunamoy Nath Choudhury :— Is there any list of efficient members there ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— আমরা সিনিয়রিটি লিষ্ট মেণ্টেন করি। এফিসিয়েন্সী লিষ্ট মেণ্টেন করি না।

Mr. Speaker :— There is perhaps no efficiency test. Shri Bulu Kuki.

Shri Bulu Kuki :— 729.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker Sir, Question No. 729.

প্রশ্ন	উত্তর
১। বর্তমানে ত্রিপুরায় কতজন কমিউনিষ্ট পার্টির সদস্য ডি, আই ৩০ ধারা অনুযায়ী আটক আছেন ;	৮ (আট) জন।
২। যাহারা আটক আছেন তাহাদের মুক্তি দেওয়ার জন্য সরকারের অভিপ্রায় আছে কিনা ;	প্রচলিত আইনের বিধানানুসারে প্রতি ৬ মাসে একবার একবার করিয়া প্রত্যেকের বিষয় বিবেচনা ক্রমে প্রশাসক উপযুক্ত ক্ষেত্রে আটক ব্যক্তিগণকে মুক্তির অথবা আটক রাখার আদেশ দিয়া থাকেন। ইহার অধিক কিছু বলা সম্ভবপর নহে।
৩। ইহা কি সত্য যে Habeas corpus চলা কালীন ডি, আই, রুলসএর ৩০ ধারা অনুসারে আটক বন্দীদের জামিনে মুক্তি দেওয়া যায় ?	ডি, আই রুলের ৩০ (বি) ধারা অনুযায়ী যে কোন আটক ব্যক্তিকে নির্দিষ্ট সময়ের জন্য সর্ত্তাধীনে অথবা বিনা সর্ত্তে মুক্তি দেওয়া যায়, কিন্তু ডি, আই রুলের ৩০ ধারা অনুযায়ী আটক ব্যক্তিদিগকে জামিনে মুক্তি দেওয়া কোর্টের এক্তিয়ার বহির্ভূত।

শ্রীআতিকুল ইসলাম :— সেন্ট্রাল গভর্ণমেণ্ট কি এইরকম কোন ইন্সট্রাকশন দিয়েছেন যে ওদের রিভিউ প্রতি ৩ মাস অন্তর অন্তর করতে হবে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— সেন্ট্রাল গভর্ণমেণ্টের এই জাতীয় কোন নির্দেশ ত্রিপুরা সরকারের কাছে পৌঁছায় নি।

শ্রীআতিকুল ইসলাম :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে এই আটক বন্দীদের তাঁরা আর কতকাল আটক করে রাখবেন ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, প্রশ্নের উত্তরে বলা হয়েছিল ৬ মাসের মধ্যেই রিভিউ করা হয় এবং যাদের মুক্তি দেওয়া প্রয়োজন বলে সরকার বা প্রশাসক মনে করেন তাদের দেওয়া হবে।

শ্রীআতিকুল ইসলাম :— এটা কি সত্যি নয় যে সরকার তার প্রতি হিংসা চরিতার্থ করার জন্য তাদের আটকিয়ে রেখেছেন ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা সত্যি নয়। সরকার কারো প্রতি প্রতিহিংসাপরায়ণ নহেন।

Mr. Speaker :— Shri Promode Ranjan Das Gupta.

Shri Promode Ranjan Das Gupta :— 810.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, starred Question No. 810.

QUESTION	REPLY
1. No. of social workers' Centre under Mohanpur Block ;	24 (twenty four)
2. Nature of activities entrusted upon the warkers ;	Conducting Balwadi Classes in the morning, adult literacy classes noon and in the evening, organising Welfare programmes through Youth Clubs and Mahila Samities, conducting Balmandals, rural libraries cultural programmes etc.
3. No. of Centre situated in the inaccessible area ?	3 (three)

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত :— ১৯৬৫-৬৬ সালে মোহনপুর ব্লকের আণ্ডারে যে সোশ্যাল ওয়েলফেয়ার সেন্টার আছে তাতে কতজন বয়স্ক লোকের আক্ষরিক জ্ঞান দেওয়া হয়েছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত :— এই যে সোশ্যাল সেণ্টার ২৪টি এর মধ্যে কয়টার মধ্যে লাইব্রেরী আছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— এইগুলির মধ্যে সাধারণতঃ লাইব্রেরী থাকে না। ইনফরমেশন সেণ্টারে লাইব্রেরী আছে।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত :— এই ২৪টা সোশ্যাল ওয়েলফেয়ার সেণ্টার যে আছে তাতে দেখা যায় যে লাইব্রেরী একটা প্রত্যেক সেণ্টারে থাকার কথা বলা হয়েছে। আর দ্বিতীয়তঃ হচ্ছে এই সোশ্যাল ওয়েলফেয়ার সেণ্টার প্রত্যেকটি ব্লকের মধ্যে যে ডেষ্টিটিউট এবং ডিলিংকোয়েণ্ট যারা আছে তাদের কোন হিসাব রাখে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের সংগে এটা জড়িত নয় বলেই আমার মনে হয়।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত :— মাননীয় মন্ত্রী মহোদয় জানেন কি যে সেনট্রাল সোশ্যাল ওয়েলফেয়ার বোর্ড ডেষ্টিটিউট এবং ডিলিংকোয়েণ্টসদের ব্যবস্থা করবার জন্য নির্দ্দেশ দিয়েছেন ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— থাকতে পারে নির্দেশ। কিন্তু আমরা সেটা এখানে ইমপ্লিমেণ্ট করছি না।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত ঃ— ইন-অ্যাকসিসেবল্ অ্যারিয়াতে যে স্কীমটা আছে তাতে ফার্মারস ক্লাব করার যে নির্দ্দেশ আছে সোশ্যাল ওয়েলফেয়ার বোর্ডের সেটা করা হয়েছে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীরাজকুমার কমলজিৎ সিংহ ঃ— এই সেণ্টারগুলি কি ষ্টেট গভর্ণমেণ্টের পরিচালিত না সেন্ট্রাল সোশ্যাল ওয়েলফেয়ার বোর্ড দ্বারা পরিচালিত ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— এটা গভর্ণমেণ্ট দ্বারা পরিচালিত।

শ্রীরাজকুমার কমলজিৎ সিংহ ঃ— এখানে কয়টা মহিলা সেণ্টার আর কয়টা পুরুষ সেণ্টার আছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীরাজকুমার কমলজিৎ সিংহ ঃ— কতজন মহিলা কর্মী আর কতজন পুরুষ কর্মী বলতে পারেন কি ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাও আমার পক্ষে বলা সম্ভব নয়।

শ্রীপ্রমোদ রঞ্জন দাসগুপ্ত ঃ—কতকগুলি সেণ্টারের মধ্যে রেডিও আছে এবং রিক্রিয়েশন রুম আছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—যারা রেডিও চেয়েছেন তাদের সকলকেই রেডিও দেওয়া হয়েছে।

Mr. Speaker :—Shri Ramcharan Deb Barma.

Shri Ramcharan Deb Brma :—869

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Question No. 869.

QUESTION	ANSWER
Whether it is a fact that many students of Kakraban Higher Secondary School, Udaipur, were beaten by a teacher for observing strike on suport of 'Martyrs Day' on the 2nd February, 1966 called by the Rashtriya Sangram Samity and United Leftist Parties of West Bengal ?	No.

Mr. Speaker :—No supplementary ?

Shri Ramcharan Deb Barma .—No

Mr. Speaker :—Then I would request the Hon'ble Member not to put such question.

It is simply waste of time Shri Sunil Kumar Choudhury.

Shri Sunil Kumar Choudhury :—873

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Question No. 873.

QUESTION	ANSWER
Whether it is a fact that a considerable quantity of rice that is being moved at present from Ghorakappa, Sabroom to Agartala is not eatable ?	No.

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে, গত মার্চ্চ মাসে কোন চাল ঘোড়াকাপা থেকে এসেছে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—হ্যাঁ, চাল এখনও আছে।

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে, সে চালটা কতদিনের পুরানো ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে, ঘোড়াকাপাতে কত মণ খারাপ চাল আছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—যদিও চাল আছে, সবই ভাল।

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ—এটা সত্যি কিনা যে এই চালটা তিন বছরের বেশী সেখানে পড়েছিল এবং তার ফলে সেটা মানুষের খাওয়ার অনুপযুক্ত হয়ে গেছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—তিন বছরের উপরে থাকলেও সেটা মানুষের খাওয়ার উপযুক্ত আছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি করে জানলেন যে সেটা মানুষের খাওয়ার উপযুক্ত আছে, তিনি কি খেয়ে দেখেছেন ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—কারণ আমাদের যে কেমিক্যাল ট্রিটমেণ্ট করার ষ্টাফ আছে তারা দেখেন।

Mr. Speaker :—Shri Monchur Ali.

Shri Monchur Ali :—881

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, Starred Question No. 88I.

প্রশ্ন	উত্তর
১। সোনামুড়া গার্লস হাইয়ার সেকেণ্ডারী স্কুল করার পরিকল্পনা সরকারের আছে কি ?	হ্যাঁ পরিকল্পনা আছে।

শ্রীমনসুর আলী ঃ—কত সনে এই গার্লস হাইয়ার সেকেণ্ডারী স্কুল খোলা হবে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যত তাড়াতাড়ি সম্ভব।

শ্রীপি, আর, দাসগুপ্ত ঃ—১৯৬৬-৬৭'এর ফিনানশ্যাল ইয়ারে সেটা খোলা হবে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—সেটা সম্ভব নয়।

শ্রীআতিকুল ইসলাম ঃ—সোনামুড়া যে জুনিয়ার হাই স্কুল আছে, তাতে ছাত্রী সংখ্যা কত জানতে পারি কি ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—ছাত্রী সংখ্যা অন দি রোল এখন সেখানে কত আছে বলা সম্ভব নয়, তবে একটা হাইয়ার সেকেণ্ডারী স্কুল সেখানে করার পরিকল্পনা সরকারের আছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন, সোনামুড়া গার্লস্ স্কুলেতে এখন মোট কজন ছাত্রী ক্লাশ নাইন এবং টেনে পড়ে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নের জবাব আমার পক্ষে দেওয়া সম্ভব নয়, বয়েজ হাই স্কুলে কজন পড়ছে, গার্লস্ হাই স্কুলে কজন পড়ছে সেই সংখ্যা এই মুহূর্তে বলা সম্ভব নয়, সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম :—সোনামুড়াতে কি আর কোন গার্লস্ স্কুল আছে, সহরের স্কুল ছাড়া ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—গার্লস স্কুল আরও আছে।

শ্রীআতিকুল ইসলাম :—প্রাইমারী স্কুল নয়, জুনিয়ার হাই বা সিনিয়ার বেসিক স্কুল বা হাই স্কুল কয়টা আছে সোনামুড়া সাব-ডিভিশানে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—না, শুধু একটি সোনামুড়া টাউনে আছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—গার্লস্ হাই স্কুল করতে হলে পরে ছাত্রী সংখ্যা কত দরকার, তার কোন নির্দ্দিষ্ট সংখ্যা আছে কি ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এর উত্তরে আমি শুধু এই কথা বলতে পারি যে সোনামুড়া গার্লস্ স্কুলে বর্ত্তমানে যে সংখ্যা আছে, তাতে একটা হায়ার সেকেণ্ডারী স্কুল চলতে পারে।

শ্রীআতিকুল ইসলাম :—একটা হাই স্কুলে কত মিনিমাম ছাত্রী সংখ্যা দরকার হয়, এই রকম কোন নিয়ম আছে কি না ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—নির্দ্দিষ্ট কোন ফিগার আমার মনে হয় নাই।

মিঃ স্পীকার ঃ—ইয়েস, একটা মিনিমাম ফিগার আছে।

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—সেটা আমাদের জানা নাই, মাননীয় অধ্যক্ষ মহোদয়,

মিঃ স্পীকার ঃ—This is not relevant to this question, you see.

শ্রীআতিকুল ইসলাম ঃ—তারাত বলছেন যে তারা একটা স্কুল করবেন, কিন্তু আসলে তারা করতে চান কিনা সেটাই আমার জানবার উদ্দেশ্য। একটা মিনিমাম রিকোয়ারমেণ্ট আমাদের দরকার হয় গার্লস্ হাই স্কুল করতে গেলে পরে। পরিকল্পনা আমাদের আছে, আমরা সেটাত ফিফ্থ্ প্ল্যানে বা সিকস্থ্ প্ল্যানেও করতে পারি। সেটা ইমিডিয়েটলি করা হবে কিনা ?

মিঃ স্পীকার ঃ—যে নাম্বার আছে তাতে খুলতে কোন বাধা নাই, মিনিমাম নাম্বার ১৫০ ওনলি। শ্রীএরসাদ আলী চৌধুরী।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ—৯৪১

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ—Hon'ble Speaker, Sir, Starred Question No. 914

Question	Answer.
1. How many Hindu families of East Pakistan have come to Tripura after exchanging their properties with the Muslim families of Tripura from 1963 to 10th January, 1965.	Government is not aware of the actual position.
2. How many Muslim families of Tripura have gone to East Pakistan after exchanging their properties during that period.	Reply to this question is same i. e. the Govt. is not aware of the actual position

শ্রীএরসাদ আলী চৌধুরী :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে এই রকম একচেঞ্জ করে হিন্দু এসেছেন এবং মুসলমান গেছেন ?

শ্রীএম, এল, ভৌমিক :—হ্যাঁ এখান থেকে কিছু মুসলিম পরিবার পাকিস্তানে গেছেন এবং পাকিস্তান থেকে হিন্দু পরিবার এখানে এসেছেন।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—যারা আসছেন তাদের এই সমস্ত যে ডকুমেণ্ট করে আসছেন সেটা ভেলিড বলে ত্রিপুরা সরকার গণ্য করছেন কিনা ?

শ্রীএম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয় এটা রেজিষ্টার্ড কোন ডকুমেণ্ট নয়। একচেঞ্জ অব প্রপারটী যেটা করছে সেটা রেজিষ্টার্ড নয়, কাজেই এটার প্রশ্ন আসে বলে আমার মনে হয় না।

শ্রীএরসাদ আলী চৌধুরী :—যারা জমি একচেঞ্জ করে আসছেন, তাদের এই সমস্ত জমিগুলি এ্যাটেষ্টেশান হচ্ছে কিনা ?

শ্রীএম, এল, ভৌমিক ঃ—যারা জমির দখলে আছেন এবং যারা প্রমাণ করেছেন যে একচেঞ্জ করেছেন এবং যাদের একচেঞ্জ ডীড, রেজিষ্টার্ড ডীড হয়েছে, সেই ক্ষেত্রে তাদের এ্যাটেষ্টে-শান হচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—এই যে একচেঞ্জ অব প্রপারটি হচ্ছে, সেটা কি লীগ্যালী ভেলিড ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ল' ইয়ার নই, কাজেই আমি এই উত্তর এখনই দিতে পারছি না।

শ্রীআতিকুল ইসলাম ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি মনে করেন না যে এই যে একচেঞ্জ অব প্রপার্টি আসাযাওয়া করছে, এটাকে বন্ধ করে দেওয়া উচিত ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এটা সরকার বন্ধ করতে পারেন না।

শ্রীলুড়া আং মগ ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, উপজাতি রিজার্ভ এলাকায় কোন জমি এই রকম একচেঞ্জ করতে পারে কিনা ?

শ্রী মণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, উপজাতি জমি হস্তান্তর করতে পারেনা এটা আইন আছে।

শ্রীলুড়া আং মগ ঃ— কথাটা হল, উপজাতি রিজার্ভ এলাকা যেমন অমরপুর, সেই জায়গাতে বহু জমি বদল করে আসছেন, সেখানে এই বদলটা আইন সংগত কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয় আমার উত্তরে আমি বলেছি যে উপজাতি নাকি যে জায়গার মালিক, সেই জায়গা without order of the Government তারা বিক্রী করতে পারেন না।

শ্রীআতিকুল ইসলাম ঃ— এখানকার মাইনরিটিরা যে প্রপারটি একচেঞ্জ করে পাকিস্থানে চলে যাচ্ছে, সেটাকে বন্ধ করা সম্পর্কে সরকার কি কোন মেজার নেওয়ার কথা চিন্তা করেছেন ?

শ্রী মণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, তারা জানিয়ে তা করছেন না, যারা এইভাবে একচেঞ্জ করছেন, তারা সরকারকে জানিয়ে তা করছেন না, গোপনে করছেন।

Mr. Speaker :— Shri Abdul Wazid.

Shri Abdul Wazid :— 950.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 950.

QUESTION	ANSWER
1. Whether there is any Plan to construct the High School at Kadamtala.	Yes.
2. If so, when the construction will be started.	Very shortly.

শ্রীআব্দুল ওয়াজিদ ঃ — মাননীয় মন্ত্রী মহোদয়, জানাবেন কি, চলতি বছরের মধ্যে এটার কাজ শেষ হবে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, শেষ হবে কিনা বলতে পারছিনা, তবে কাজ আরম্ভ হবে অতিসত্বর একথা বলতে পারছি, কিন্তু এই বছর শেষ হবে কিনা বলা সম্ভব নয়।

শ্রী আতিকুল ইসলাম ঃ — গভর্ণমেন্ট কি টেণ্ডার কল করছেন এটার কনষ্ট্রাকশনের জন্য ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, টেণ্ডার কল করা হয়েছে ৫ই এপ্রিল তার লাষ্ট ডেট।

মিঃ স্পীকার ঃ— শ্রীহেমন্ত দেব।

শ্রীহেমন্ত দেব ঃ— ৯৫৪

শ্রী এম, এল, ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ষ্টার্ড কোয়েশ্চান নাম্বার ৯৫৪।

প্রশ্ন	
ক) আগরতলা হইতে রানীরবাজার পর্যন্ত কয়টি টাউন বাস চলাচল করে ?	আটটি টাউন বাস চলাচল করে।
খ) যতটা বাস চলে তাহা প্রয়োজনের বিবেচনায় পর্য্যাপ্ত কিনা ?	হ্যাঁ।
গ) টাউন বাস সার্ভিসকে সরকারী ব্যবস্থাধীন নেওয়ার পরিকল্পনা আছে কিনা ?	ট্র্যান্সপোর্ট কর্পোরেশান স্থাপিত হইলে বিবেচনা করা হইবে।

শ্রীহেমন্ত দেব :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে কত মিনিট পর পর আগরতলা হইতে রানীরবাজার বাস সার্ভিস ছাড়ে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীহেমন্ত দেব :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে, রানীরবাজার এলাকা একটা বিরাট এলাকা, এখানে সবাই টাউন বাস চড়ার জন্য আসে এবং রাণীরবাজার হইতে আগরতলা আসতে খুব ভিড় হয় এবং অনেক যাত্রী যাতায়াত করতে পারে না ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি প্রশ্নের উত্তরে বলেছি যে আমাদের আটটি বাস সেই রাস্তায় চলাচল করছে এবং আটটি বাস সেখানে পর্য্যাপ্ত বলে সরকার বিবেচনা করেছেন যেহেতু এই অঞ্চলের প্যাসেঞ্জার থেকে কোন প্রকার অভিযোগ আমাদের সরকার পান নি।

শ্রীহেমন্ত দেব :— যদি এই রকম জানেন যে খুব ভিড় হয় এবং লোক চলাচল করতে পারে না, তখন সরকার সেটা বিবেচনা করবেন কি ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই বিষয়ে মাননীয় সদস্য এইমাত্র এখানে বলছেন, কিন্তু প্যাসেঞ্জার থেকে এই জাতীয় কোন প্রকার অভিযোগ আমরা পাই নাই।

মিঃ স্পীকার :— দিস ইজ হাইপথেটিক্যাল কোয়েশ্চান।

শ্রীআতিকুল ইসলাম :— এই ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান কবে পর্য্যন্ত গঠন হতে পারে ?

মিঃ স্পীকার :— We are going far away from the main question.

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে আমি বলছি যে আমরা আগামী চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে ষ্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশান গঠন করার চেষ্টা করছি।

Mr. Speaker :— Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :— 621.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, starred quesiion No. 621

QUESTION	ANSWER
1) Whether the recommendation of the Estimate Committee placed in the House has been accepted by the Government ;	1) The Government is examining the recommendation.
2) if so, what steps have been taken in the matter ?	2) Does not arise at present.

শ্রীআতিকুল ইসলাম ঃ— রেগুলেটেড মার্কেটকে উঠিয়ে দেবার জন্য যে প্রস্তাব এষ্টিমেট কমিটি করেছেন গভর্ণমেন্ট কি সেই বিষয়ে কোন ডিসিশান নিয়েছেন ?

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, that question is under consideration of the Government,

Mr. Speaker :— Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :— Question No. 769.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, question No. 769.

QUESTION.	ANSWER
1) Whether any statement was made by Shri Gauranga Banik a Store-keeper to the A.D M. regarding selling of 50 bags of imported rice from the Central Godown in the year 1964-65 ;	1) Yes.
2) if so, what step was taken against him ?	2) Police investigation is pending,

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে, ৫০ ব্যাগ চালের মূল্য কত ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রী অঘোর দেববর্ম্মা ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি যে, ঐ ভদ্রলোক শ্রীগৌরাঙ্গ বণিক কি অবস্থায় আছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— ভদ্রলোক কাজ করছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— তাকে সাসপেণ্ড করা হয়েছে কিনা ?

শ্রী মণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয় সাসপেনসানের প্রশ্ন আসে না কারণ পুলিশ ইনভেস্‌টিগেশান চলছে।

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি পুলিশ ইনভেসটিগেশন আর কতদিন চলবে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— এই প্রশ্নের জবাব দেওয়া সম্ভব নয়। পুলিশ কতদিন লাগাবে এর জন্য, সেটা বলা সম্ভব নয়।

শ্রী অঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি করে ইনভেস্টিগেশন আরম্ভ হয়েছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— I cannot say the exact date and time.

Mr. Speaker :— Shri Sunil Kumar Choudhury.

Shri Sunil Kumar Choudhury :—874.

Shri M. L. Bhowmik : — Hon'ble Speaker, Sir, starred question No. 874.

QUESTION	ANSWER
(1) How many persons were arrested under DIR in 1965 in the Sabroom Sub-division.	8 persons.
(2) In how many cases charge sheets have been put up ;	Three cases against five persons.
(3) and if not, what is the reason ?	One case involving three persons is under investigation.

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে তাদের যে চার্জসীট দেওয়া হয়েছে সেটা কি অভিযোগের ভিত্তিতে দেওয়া হয়েছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— Hon'ble Speaker, Sir, charges of the subversive activities against the Government.

শ্রীঅঘোর দেববর্ম্মা ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন সাব-ভার্সিভ এক্টিভিটিজ বলতে তিনি কি মনে করছেন ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— এটা কোয়াইট ক্লীয়ার। এটার অর্থ অন্তর্ঘাতকমূলক কাজ।

শ্রীসুনীল কুমার চৌধুরী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে তারা স্মাগ্‌লিং করার অপরাধে অপরাধী কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয় অন চার্জেস অব সাব-ভার্সিভ অ্যাক্টিভিটিজ তাদের অভিযুক্ত করা হয়েছে আণ্ডার ডি, আই, আর।

Mr. Speaker :— Shri Ershad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :— 943.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, question No. 943.

QUESTION	ANSWER
The number of N. C. C. & A. C. C. in Tripura ;	There are 61 numbers of NCC Units in Tripura while there is no ACC Platoons in Tripura since 1-4-1965.

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ— যে সমস্ত এন, সি, সি, আছে তাদের সবাইকে কি ইউনিফর্ম দেওয়া হয়েছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয় প্রত্যেকেরই ইউনিফর্ম পাওয়ার কথা।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে তাদের কম্পালসারি মিলিটারী ট্রেনিং দেওয়া হয়েছে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— এন, সি. সি. তে যে সমস্ত ট্রেনিং দেওয়া প্রয়োজন তা দেওয়া হচ্ছে।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ— যারা এন, সি, সি, তে আছে তারা প্রতিযোগিতামূলক কোন পরীক্ষা দিয়েছে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এখান থেকে সর্ব ভারতীয় প্রতিযোগিতায় আমাদের এন, সি, সি, ক্যাডেটরা গিয়েছিলেন এবং তারা সেই প্রতিযোগিতায় ভাল ফল করেছেন এবং শীর্ষস্থান অধিকার করেছেন।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ— কতজন শীর্ষস্থান অধিকার করেছে এবং তারা স্বর্ণপদক বা রৌপ্য পদক পেয়েছেন কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার ইনফরমেশান যে দুইজন পেয়েছেন। তবে তাদের নাম এই মুহূর্ত্তে আমার পক্ষে বলা সম্ভব নয়।

শ্রীআতিকুল ইসলাম ঃ— মাননীয় মন্ত্রী মহোদয়, কি জানাবেন যে এন, সি, সি, তে সবাইকে এখনও পোষাক দেওয়া হয় নাই কেন ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— পোষাক তৈরী নেই বলেই দেওয়া হয় নাই বলে আমার ধারণা।

শ্রীআতিকুল ইসলাম ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে পোষাক তৈরী করার জন্য কোন অর্ডার প্লেসড্ করা হয়েছে কিনা এবং যদি করা হয়ে থাকে তবে সেগুলোর সাপ্লাই করা হয়েছে কিনা ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— অর্ডার নিশ্চয়ই প্লেস করা হয়েছে। তবে এখনও সাপ্লাই পাওয়া যায় নি। সেজন্যই হয়ত এখনও তারা পান নি।

শ্রীআতিকুল ইসলাম ঃ— কয়টা অর্ডার দেওয়া হয়েছে এবং কয়টা পাঠিয়েছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— আই ডিমাণ্ড নোটীশ।

Mr. Speaker :— Shri Abdul Wazid.

Shri Abdul Wazid—945.

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Question No. 945.

QUESTION	REPLY
(1) How many murders were committed at Dharmanagar from 1962 to 1966 upon the roads therein at night ;	One.
(2) Whether the murderers were arrested ;	The court has not convicted anybody yet of the offence. It is not therefore possible to answer the question at this stage 4 persons were however arrested and sent up in charge sheet.
(3) if not, the reason thereof ?	Does not arise.

শ্রীআবদুল ওয়াজিদ ঃ যারা অ্যারেষ্টেড হয়েছে তাদের বিচার কি আরম্ভ হয়েছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, the trial has already began and the case in sub-judice. So I am not in a position to give more details.

শ্রীআবদুল ওয়াজিদ ঃ— বিচারাধীনে আসতে কতদিন সময় লাগবে ?

Mr. Speaker :— This is sub-judice. Shri Hemanta Deb.

Mr. Speaker :— Shri Hemanta Deb.

Shri Hemanta Deb :— 955

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 955

QUESTION	ANSWER,
ক। প্রাইমারী ও জুনিয়র বেসিক স্কুলগুলিতে যে সমস্ত শিক্ষক হেড মাষ্টারের চার্জে থাকেন তাদের হেড মাষ্টার চার্জ এলাউন্স দেওয়া হয় কিনা ?	প্রী-ইন্টিগ্রেশান পিরিয়ড হইতে আরম্ভ করিয়া ১। ২। ৫৮ সাল পর্য্যন্ত যে সমস্ত প্রাইমারী নিম্ন বুনিয়াদির প্রধান শিক্ষকের পদ সৃষ্টি করা হইয়াছে, এই স্কুলে অধিষ্ঠিত প্রধান শিক্ষকগণ বিশেষ বেতন পান।
খ। না দিয়া থাকিলে কেন তাদের এই কাজে দায়িত্ব দিয়া থাকেন ?	প্রাথমিক ও নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের জন্য রিভাইজড পে-স্কেল প্রস্তাব করা হইয়াছে।

শ্রীহেমন্ত দেব ঃ— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন কতজন শিক্ষক এই পদে আছেন অর্থাৎ এই হেড মাষ্টারের পোষ্টে আছেন ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— কতজন শিক্ষক হেড মাষ্টারের চার্জে আছেন, নাম্বারটা বলা এক্ষনে সম্ভব নয়, সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীহেমন্ত দেব ঃ— তাদের যদি এ্যালাউন্স না দেওয়া হয়ে থাকে, কবে পর্য্যন্ত দেওয়া হবে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— তাদের রিভিশান অব পে-স্কেলের জন্য আমাদের সরকার প্রস্তাব পাঠিয়েছেন।

শ্রীঅঘোর দেববর্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, যে সমস্ত ইনচার্জ হেড মাষ্টার রাখা হয়েছে তাদের কেন হেড মাষ্টার করা হচ্ছে না ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, কাজ চালিয়ে যাওয়ার জন্য ইন-চার্জ হেড মাষ্টার করা হয়েছে।

শ্রীঅঘোর দেববর্মা :— এই সমস্ত স্কুলে হেড মাষ্টার না দেওয়ার কারণ কি ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রিভিশান অব পে-স্কেল স্যাংকৃশান হয়ে গেলে আমরা ডেজিগনেটেড হেড মাষ্টার পোষ্টিং করব।

মিঃ স্পীকার ঃ— শ্রীআতিকুল ইসলাম।

শ্রীআতিকুল ইসলাম :— ৬১২

শ্রী মণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, স্টার্ড কোয়েশ্চান নাম্বার ৬১২

QUESTION	REPLY
1. Whether there is any seniority list in the Education Department ;	Yes.
2. if not, what are the reasons of not maintaining such list, and 3. whether the Govt. now desires to prepare such a list ; 4. if so, when it is expected to be completed ?	Does not arise.

Mr. Speaker :— Shri Aghore Deb Barma.

Shri Aghore Deb Barma :— 686

Shri M. L. Bhowmik :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 686

QUESTION	ANSWER
1. How many Social Workers are deputed to work in the office of the Education Directorate (Physical Education) ;	Nil.
2. what are the duties in the said office ;	Does not arise.
3. is there any definite programme of their works ?	Does not arise.

Mr. Speaker :— Shri Aghore Deb Barma again.

Shri Aghore Deb Barma :—Question No. 691

Shri M L. Bhowmik :— Hon'ble Speaker Sir, Starred Question No. 691

QUESTION	ANSWER
1. Whether any advertisement was med for filling up of post of 8 band masters under the (Physical) Education Department in the last financial year ;	No
2. if so, whether there was any band expert in the interview board for appointment to the said post ;	Does not arise.
3. if not, the reasons thereof ?	Does not arise.

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন, গত কয়েক বছরের মধ্যে এই ধরণের কোন এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছিল কিনা ?

শ্রীএম, এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, কোন ব্যাণ্ড মাষ্টারের এ্যাপয়েণ্টমেণ্ট আমরা আজ পর্যন্ত দেই নাই, কোন এ্যাডভার্টাইজমেণ্টও করা হয় নাই।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন, বর্ত্তমানে ব্যাণ্ড মাষ্টার বলে কোন লোক এডুকেশন ডিপার্টমেণ্টের আণ্ডারে ?

শ্রীএম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের ব্যাণ্ড মাষ্টার বলে কেউ নাই, তবে আটজন সোশ্যাল ওয়ার্কার, তারা ব্যাণ্ড ট্রেনিং দিচ্ছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন তাদের কিভাবে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছিল ?

শ্রীএম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, their designation is Social Workers, but they are now doing the functions of the band masters.

শ্রীআজিকুল ইসলাম :—তারা যে এই ব্যাণ্ড মাষ্টারের পোষ্টে আছেন তারজন্য কি তাদের আলাদা কোন রিম্যুনারেশান দেওয়া হয় ?

শ্রীএম, এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাদের কোন আলাদা রিম্যুনারেশান দেওয়া হয়না, in addition to their duties, they are doing the functions of the Band Masters.

শ্রীআজিকুল ইসলাম :— এই আটজনকে কিভাবে সিলেক্ট করা হয়েছে ?

শ্রীএম, এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই আটজন, যাদের বেছে নেওয়া হয়েছে, তাদের পূর্ব্বেই preliminary knowledge in band playing ছিল এবং এই আটজনকে সোশ্যাল ওয়ার্কারকে আসাম রাইফলস ব্যাণ্ড ট্রেনিং দিয়ে আনা হয়েছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—এই আটজনকে যখন সিলেক্ট করা হয়, তাদের কি ভিত্তিতে সিলেক্ট করা হয় ?

শ্রীএম, এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে আটজনকে নিয়েছিলাম আমরা, তাদের পূর্ব্বেই ব্যাণ্ড প্লেয়িং এক্সপিরিয়েন্স ছিল।

শ্রীআতিকুল ইসলাম :— এই আটজন যাদের কথা আপনি বলছেন যে তাদের আগেও ব্যাণ্ড সম্পর্কে একটা জ্ঞান ছিল, চাকুরী করার আগে তাদের এই অভিজ্ঞতা ছিল, না চাকুরী করার পর তারা সেই অভিজ্ঞতা অর্জন করেছেন ? অর্থাৎ চাকুরী করার আগে তারা ব্যাণ্ড বাজাইত না পরে বাজাইয়াছে ?

শ্রীএম. এল, ভৌমিক :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সোশ্যাল ওয়ার্কারের চাকুরী নেওয়ার আগে থেকেই ছিল, না চাকুরী নেওয়ার পর হয়েছে, এটা আমার পক্ষে বলা সম্ভব নয়, তবে এটাই স্বাভাবিক যে চাকুরী নেওয়ার পরেই সেটা হয়েছে।

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন কারা এই সিলেকশান করেছিল ?

শ্রীএম, এল, ভৌমিক ,— মাননীয় অধ্যক্ষ মহোদয়, যারা সিলেকশান করার অথরিটি, তারাই করেছেন।

শ্রীআতিকুল ইসলাম :— ব্যাণ্ড যারা শিখাচ্ছেন, তাদের সিলেকশান করার জন্য কি কোন সিলেকশান বোর্ড গঠন করা হয়েছিল ?

শ্রীএম, এল, ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এরজন্য কোন সিলেকশান বোর্ড করার প্রয়োজন হয় নাই। কারণ কার কোনদিকে এ্যাপটিচুড সেটা যিনি হেড অব দি অফিস, তারই জানা আছে, সেইভাবে তিনি সিলেকশান করেছেন।

শ্রীঅঘোর দেববর্ম্মা : – যিনি সিলেকশান করেছিলেন, তিনি কে বলতে পারেন কি ? যে লোকটা সিলেকশান করেছিলেন, তার ব্যাণ্ড সংক্রান্ত কোন অভিজ্ঞতা বা ট্রেনিং ছিল কিনা ?

শ্রীএম, এল, ভৌমিক :– মাননীয় অধ্যক্ষ মহোদয়, কে সিলেক্ট করেছিলেন সেই সম্পর্কে বলা আমার পক্ষে এক্ষণে সম্ভব নয়, তবে যিনি করেছেন তিনি ব্যাণ্ড ট্রেইণ্ড হওয়াই স্বাভাবিক।

শ্রীঅঘোর দেববর্ম্মা :—স্যার আমার প্রশ্ন হল যিনি সিলেকশান করেছেন উনার এই সম্পর্কে কোন অভিজ্ঞতা আছে কিনা ?

Mr. Speaker :—The Hon'ble Minister is not in a position to say who was the appointing authority, who has selected those persons.

শ্রীঅঘোর দেববর্ম্মা :— মাননীয় মন্ত্রী মহোদয় কি একথা জানেন, যিনি সিলেকশান করেছেন, উনার এই সম্পর্কে কোন অভিজ্ঞতা ছিলনা বা নাই ?

Mr. Speaker :– As he does not know the name of the man, so this question does not come here.

Starred Question given notice of by Members present are all over. Now there are some Starred Questions given notice of by Shri Nripendra Chakraborty. Any Hon'ble Member interested, may ask the question.

Shri Hemanta Deb :—564.

Mr. Speaker :—Shri Hemanta Deb.

Shri Hemanta Deb :—564.

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, starred question No. 564.

QUESTION	ANSWER
1) Whether steps are being taken to open Post-Graduate and Law Classes at M. B. B. College, Agartala ;	1) As regards Law Classes no step has been taken now and as regards Post-Graduate classes steps are being taken to open classes.
2) if so, what progress has been made in the matter ;	2) Does not arise.
3) if no steps have been taken, the reasons therefor?	3) Does not arise.

শ্রীআভিকুল ইসলাম :— এম, বি, বি, কলেজে পোষ্ট গ্র্যাজুয়েট কোন্ কোন্ ক্লাস খোলা হবে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআভিকুল ইসলাম :— এর জন্য কি কোন প্রফেসর অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—এখনও প্রফেসর অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়নি।

শ্রীআভিকুল ইসলাম :—পোষ্ট গ্রাজুয়েট ক্লাস খোলার জন্য কি কি অ্যারেঞ্জমেন্ট করা হয়েছে ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :—ফার্নিচার ইত্যাদি কেনা হয়েছে এবং পোষ্ট ক্রিয়েশনের জন্য চেষ্টা করা হচ্ছে।

Mr. Speaker :— I think steps have been taken to obtain the affiliation.

Shri M. L. Bhowmik :— Yes, affiliation is also obtained.

শ্রীআভিকুল ইসলাম :— প্রটেকশান দেওয়া হচ্ছে।

Mr. Speaker :— It is not protection. It is only to satisfy the curisity of the members asking questions.

শ্রীআতিকুল ইসলাম :—কোন্ ইয়ার থেকে ক্লাস স্বরু হবে তা বলতে পারেন কি ?

শ্রীমণীন্দ্র লাল ভৌমিক :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, যত তাড়াতাড়ি সম্ভব ক্লাস অপেন করার চেষ্টা করছি।

Mr. Speaker :— Next question.

Shri Hemanta Deb :— 550.

Shri M. L. Bhowmik :—Hon'ble Speaker, Sir, starred question No. 550.

QUESTION	ANSWER
1) Whether detailed accounts of sums drawn on Abstract Contingent Bills are sent by controlling officers duly countersigned and with necessary subvouchers so as to reach the Audit office in time ;	1) Yes, generally.
2) if not, the amount of bills not submitted in time ;	2) Rs. 72,40,133·83 P.
3) steps taken in the matter ?	3) The department concerned has taken step to restrict such drawal to the minimum and to submit final bill immediately for adjustment.

Mr. Speaker :— The time is over. The replies to the remaining starred questions as well as unstarred questions should be laid on the table of the House by the Hon'ble Minister.

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহোদয় কি জানেন যে উদয়পুরে প্রায় দুই তিন মাস আগে থেকে এবং এখন পর্য্যন্ত বহু টিউবওয়েল এবং রিংওয়েল আউট অব অর্ডার হয়ে আছে?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই তথ্যটুকু আমার জানা নাই, তবে যতটুকু ইনফর্মেশান, সেখানে সবগুলি ইন অর্ডারে আছে বলেই জানি। তবুও যদি কোনরকম এই ধরণের খবরাখবর থাকে, সেগুলি রিপেয়ার করার ব্যবস্থা যত সত্বর সম্ভব করা হয়ে থাকে।

শ্রীমুনসুর আলী :— মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন এই যে কোয়েশ্চান আমাদের ডেপুটি স্পীকার, শ্রীএরসাদ আলী চৌধুরী সাহেব এনেছেন সেটা কবে করেছেন এবং কবে উদয়পুরে খোঁজখবর নেওয়ার জন্য গিয়েছেন এবং কতদিনে ২৪৪ স্কোয়ার বর্গ মাইল'এর খোঁজখবর নেওয়া হয়েছে?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই প্রশ্নটা কবে করেছিলেন সেটা আমার জানা নাই। এটা মাননীয় ডিপুটী স্পীকার সাহেব যিনি প্রশ্ন করেছেন উনি সেটা ভাল বুঝবেন, তিনিই জানেন সেটা, সেই ক্ষেত্রে আমি শুধু বলেছিলাম এই ধরণের খবর থাকলে সাথে সাথে সেগুলির যাতে তার রিপেয়ারের ব্যবস্থা হতে পারে, তার ব্যবস্থা আমরা করে থাকি।

Mr. Speaker :—What I was going to suggest is that when the accuracy of a statement or a reply given by the Government seem to be inaccurate to the Members, the accuracy of the thing cannot be discussed during the question hour. Now there is no time. Our Assembly Session is going to be prorogued to-day. Otherwise, from the sense that the way in which the Government is being assailed from the right as well as left, I would have suggested that a resolution should be tabled to have an enquiry committee from amongst the members. So the accuracy of a reply given by the Government cannot be discussed during the question hour. I would pass on to the next question. Shri Abdul Wazid.

Shri Abdul Wazid :— 946.

Shri B. Das : — Hon'ble Speaker, Sir, starred question No. 946.

QUESTION	ANSWER
1. What number of criminal cases of Dharmanagar court were disposed up by the Zonal S. D. O., Kailashahar from the year 1962 to 1965;	Year 1962 — 1 ,, 1963 — 16 ,, 1964 — 18 ,, 1965 — 1 Total — 36
2. if not, the reason thereof ?	Does not arise.

শ্রীআবদুল ওয়াজিদ :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি ৬৫তে যে একটা মামলা নিষ্পত্তি করেছে এই সুদীর্ঘ ১২ মাসে। গভর্ণমেন্টের কোন ইনষ্ট্রাকশন আছে কিনা কয়টা মামলা শেষ করবার কথা বছরে ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, গভর্ণমেন্টের ইনষ্ট্রাকশন আছে। তবে এখন কতগুলি অ্যাডমিনিষ্ট্রেটিভ ডিউটিজ পড়েছে উনার, উপর যার জন্য উনি ডিসপোজ অপ করতে পারেন নি।

শ্রীমনোরঞ্জন নাথ :—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে ১৯৬৫ সালে যে একটা কেস হয়েছে, এটা কনটেস্‌টেড না আন-কনটেস্‌টেড ?

শ্রীবি, দাস :— আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয়, জানাবেন কি যে ১৯৬৫ সালে জোন্যাল এস, ডি, ও, কোন কনটেস্টেড কেসই করেন নাই, এটা সত্যি কিনা ?

শ্রী বি, দাস ঃ—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয়, এই যে এক বৎসরে জোন্যাল এস, ডি, ও, কোন কেস করেন নাই সেজন্য কোন ষ্টেপ নেওয়া হবে কি না ?

শ্রী বি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি বলছিলাম যে অন্যান্য আরও কতগুলি অ্যাডমিনিসট্রেটিভ ডিউটি ছিল সেজন্য তিনি সবগুলি কেস করতে পাবেন নি।

শ্রীমনোরঞ্জন নাথ ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি যে জুডিসিয়ালটা অন্যান্য কাজের চেয়ে গুরুত্ব কম কিনা ?

শ্রী বি, দাস ঃ—সব কয়টা কাজের গুরুত্ব আছে।

শ্রীআবদুল ওয়াজিদ ঃ— যে কাজের জন্য তিনি মামলা ডিসপোজ অপ করতে পারেন নাই, সেই কাজটা কি, জানতে পারি কি ?

শ্রীবি, দাস ঃ- মাননীয় অধ্যক্ষ মহোদয় কতগুলি ইমপোর্টেন্ট অ্যাডমিনিষ্ট্রেটিভ ডিউটিজ ছিল সেজন্যই তিনি করতে পারেন নাই।

শ্রীআবদুল ওয়াজিদ :— সেই ডিউটিগুলি কি ছিল আমাদের, বলতে পারেন কি ?

শ্রী বি, দাস ঃ— সেই ডিটেলসটা আমার কাছে নেই। সো আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআবদুল ওয়াজিদ ঃ— তার হেডকোয়াটার কৈলাশহরে। তিনি ধর্মনগর কতবার এসেছিলেন, সেটা কি জানাতে পারেন ?

শ্রী বি, দাস :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম :— জোন্যাল এস, ডি, ও, এর কতগুলি কেস ডিসপোজ অপ করতে হবে পার মান্থ বা পার ইয়ার, তার কোন নির্দ্দিষ্ট সংখ্যা আছে কি ?

শ্রী বি, দাস ঃ— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই তথ্যটি আমার কাছে নাই।

শ্রীআতিকুল ইসলাম :—জোন্যাল এস. ডি, ও, কতক্ষণ অফিস করবেন কোর্টে ডেইলী ফর জুডিসিয়ারী পারপাস. তার কোন সময় নির্দ্দিষ্ট আছে কি ?

শ্রীবি, দাস :—ফর জুডিসিয়ারী পারপাস তার যতক্ষণ প্রয়োজন ততক্ষণেই থাকবার কথা। তবে এই তথ্যটুকু আমার কাছে না থাকতে আমি বলতে পারছি না।

শ্রীএরসাদ আলী চৌধুরী ঃ— মান্থলী রিটার্ণ দেওয়ার কোন নিয়ম আছে কি ?

শ্রীবি, দাস ঃ— একটা নিয়ম আছে।

শ্রীআতিকুল ইসলাম :— তিনি কি সেই নিয়মটা পালন করেছেন ?

শ্রীবি, দাস ঃ—এই তথ্যটা আমার কাছে নেই।

মিঃ স্পীকার ঃ— শ্রীহেমন্ত দেব।

শ্রীহেমন্ত দেব ঃ—৯৭৫

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয় প্রশ্ন নং ৯৭৫।

প্রশ্ন

১। আগরতলা মিউনিসিপ্যালিটির অন্তর্গত কয়টী সরকারী পায়খানা ও প্রস্রাবের ঘর আছে ;

২। যদি থাকে, ঐগুলি রীতিমত পরিস্কার করা হয় কিনা ?

১। একসংগে ২২ জন বসিবার উপযোগী ৭টা সরকারী পায়খানা আছে এবং একসংগে ১৫ জন বসিবার উপযোগী ৬টী প্রস্রাবের ঘর আছে।

২। রীতিমত পরিস্কার করা হয়।

শ্রীহেমন্ত দেব ঃ—কোন কোন জায়গায় আছে জানতে পারি কি ?

শ্রীবি, দাস :—আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীহেমন্ত দেব ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় জানাতে পারেন কি যে, যে পায়খানাগুলি আছে সেগুলিতে লোকে পায়খানা যেতে পারে কিনা ?

শ্রীবি, দাস :—পায়খানা তৈরী করাই হয় পায়খানায় যাবার জন্য এবং তা রীতিমত পরিস্কার করা হয়ে থাকে। কাজেই আমাদের ধারণা সেখানে যেতে পারে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—আগরতলা টাউনে কোন প্রস্রাবাগার আছে কিনা ?

শ্রীবি, দাস ঃ—আছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—আগরতলা টাউনে কয়টা আছে।

শ্রীবি, দাস ঃ—আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীআতিকুল ইসলাম ঃ—আগরতলার কামান চৌমূহনী টু পোষ্ট অফিস চৌমূহনী এই জায়গাটার মধ্যে প্রস্রাবাগার আছে কি ?

শ্রীবি, দাস ঃ—একটা আছে।

শ্রীআতিকুল ইসলাম :—কোথায় আছে সেটা ?

শ্রীবি, দাস :—শকুন্তলা রোডের উপর। আগরতলা সূর্য্য চৌমূহনী থেকে একটু উত্তর দিকে যে রাস্তাটা।

শ্রীআতিকুল ইসলাম ঃ—শকুন্তলা রোডের কোথায় ?

শ্রীবি, দাস :—শকুন্তলা রোডের মাথায়।

শ্রীআতিকুল ইসলাম :—আপনি সেখানে কখনও গিয়েছেন ? সেখানে কোন প্রস্রাবাগার নাই একথা সত্যি কিনা ?

শ্রীবি, দাস :—আছে মাননীয় অধ্যক্ষ মহোদয়।

শ্রীহেমন্ত দেব ঃ—মাননীয় মন্ত্রী মহোদয় রাজী আছেন কি এটা তদন্ত করে দেখতে যে সেখানে আছে কিনা ?

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেটা পরিস্কার করা হয় সেই ইনফরমেশন আমার আছে। তবে যদি পরিস্কার না হয়ে থাকে, মাননীয় সদস্য জানবার সাথে সাথে সেটা করা হবে।

শ্রীআতিকুল ইসলাম :—প্রথম কথা হল স্যার, যে ইনফরমেশনটা রং। শকুন্তলা রোডের মধ্যে কোন প্রস্রাবাগার নাই। সেকেণ্ড থিং হচ্ছে, থানার সামনে যে প্রস্রাবাগার হয়েছিল এটা কি করে ভেঙ্গে গেল বা কে ভাঙ্গল এই সম্পর্কে কোন ইনফরমেশন গভর্ণমেণ্টের আছে কি ?

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, থানার সামনেই প্রস্রাবাগার নাই। একটুখানি ভিতরের দিকে আছে এবং সেটাকে মন্ত্রী বাড়ী রোড বলে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—থানার সামনে যে প্রস্রাবাগার আছে, সেটা কি করে ভাঙল, এবং কে ভাঙল, সেই সম্পর্কে কি কোন এনকোয়ারী করা হয়েছে ?

শ্রীবি, দাস ঃ—এই তথ্যটি এই মুহূর্ত্তে আমার কাছে নাই, সো আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীআতিকুল ইসলাম :—থানার সামনে চব্বিশ ঘণ্টা পুলিশ পাহাড়া থাকে। সেখানে কি করে প্রস্রাবাগার ভাঙল. সেটা কি একটা গুরুত্বপূর্ণ বিষয় নয় ? সেটা কি এনকোয়ারী করে ইমিডি-য়েটলি ষ্টেপ নেওয়া প্রয়োজন ছিল না ?

শ্রীবি, দাস ঃ—থানার সামনে কোন সময়েই প্রস্রাবাগার ছিল না, তবে মাননীয় সদস্য যে প্রশ্নটি তুলেছেন তার জবাবে আমি বলেছি যে এই তথ্যটি এই মুহূর্ত্তে আমার কাছে নাই, সো আই ডিমাণ্ড নোটীশ।

শ্রীআতিকুল ইসলাম ঃ—আগরতলা সহরে আরও ইউরিন্যাল করার প্রয়োজনীয়তা গভর্ণ-মেণ্ট উপলব্ধি করেন কি ?

শ্রীবি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৬৬-৬৭ আরও দুইটি প্রস্রাবাগার করার পরিকল্পনা সরকারের আছে।

শ্রীআতিকুল ইসলাম ঃ—কোথায় কোথায় ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সাইট এখনও ঠিক হয় নাই।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহোদয় কি মনে করেন না যে যদি কারও প্রস্রাবের বেগ পায়, তাহলে তার ঐসহ্য যন্ত্রণা হয়, এবং তখন সাড়া টাউন ঘুরেও প্রস্রাবের জায়গা পাওয়া যায় না ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইউরিন্যাল ব্লাডারের একটা কেপাসিটি আছে।

Mr. Speaker :— Shri Atiqul Islam.

Shri Atuqul Islam :— 634.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 634.

QUESTION	ANSWER
1) Whether the auxiliary nurses got any messing, washing and uniform allowance ;	No
2) if not, whether the Government has any proposal to sanction allowances for each of item mentioned in question No. (1) ?	Government of India has already been moved to accord sanction to the grant of messing, washing and uniform allowance to the Nursing staff in Tripura.

Shri Atiqul Islam :— Central Governmentকে মুভ্‌ড করার পর Central Government তার কোন decision কি জানিয়েছেন ?

Shri B. Das :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, Government of India decision still awaited.

শ্রীআতিকুল ইসলাম ঃ— সেন্‌ট্রাল গভর্ণমেণ্টের কাছে এই প্রপোজাল কবে পাঠান হয়েছে ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১/৪/৬৫'এ সেটা পাঠান হয়েছে এবং তারপর রিমাইণ্ডার দেওয়া হয়েছে একটা অন্‌ ৯/১১/৬৫ এবং আরেকটা দেওয়া হয়েছে অন্‌ ২২/২/৬৬।

শ্রীআতিকুল ইসলাম ঃ— আমরা ওয়েষ্ট বেঙ্গলের পেস্কেল ফলো করছি সো ফার নার্সেস আর কন্‌সার্ণ্ড। এখন ওয়েষ্ট বেঙ্গলের নার্সরা এই সমস্ত এ্যালাউন্‌স পেয়ে থাকেন, তাহলে আমরা যখন পশ্চিমবঙ্গের ফলো করলাম সংগে সংগে আমরা এই allowance করে নিলামনা কেন ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কোয়েশ্চানের জবাবে বেশ কিছুদিন আগে আরেকটা প্রশ্ন এসেছিল, সেখানে আমরা বলেছিলাম যে কতকগুলি এরাবস সেখানে হয়ে গিয়েছিল, সেজন্য আবার আমরা গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়াকে লিখেছি।

Mr. Speaker :— Shri Sunil Kr. Choudhury.

Shri Sunil Kr. Choudhury :— 861.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 861

QUESTION	ANSWER
1) Whether it is a fact that tenders for supply of misc. articles to V. M. & G. B. Hospitals, Sub-Divisional Hospitals and Primary Health Centres in Tripura for the year of 1965-66 were invited by the D. H. S. Tripura.	No
2) Whether it is a fact that the earnest money deposited by the Contractors have been refunded without placing the tender before the tender Advisory Committee ;	Does not arise.
3) Whether any complaint has been filed to the Government against this practice ?	No.

Mr. Speaker :— Shri Ershad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :— 947.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 947.

QUESTION	ANSWER
1) How many persons have been vaccinated and innoculated in Tripura in the year from 1965 to 28th February, 1966 ?	Vaccinated—2,24,335 Innoculated—2,62,875

Shri Ershad Ali Choudhury :— যে সমস্ত টীকা দেওয়া হয়েছে সেগুলি কি রাশিয়ান টীকা বীজ না অন্য বীজও আছে ?

Shri B. Das :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, সাধারণতঃ রাশিয়ান বীজই দেওয়া হয়ে থাকে।

Mr. Speaker :— Shri Hemanta Deb.

Shri Hemanta Deb :— 976.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 976.

QUESTION	ANSWER
ক) খাদি গ্রাম শিল্প শাখার ফিল্ডম্যান পদে যারা আছেন, তাহারা কোন শ্রেণীর কর্মচারী বলিয়া গণ্য হইতেছে,	তৃতীয় শ্রেণী।
খ) বর্ত্তমানে তাহাদিগকে কত টাকা করিয়া বেতন দেওয়া হইতেছে ?	৬৫-১-৮৫ টাকা।

শ্রীহেমন্ত দেব :— মাননীয় মন্ত্রী মহোদয়, বলবেন কি যে তারা ৬৫ টাকা ফিক্সড পাচ্ছে এটা ঠিক কিনা ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই কথাটা ঠিক নয়, তারা ৬৫-১-৮৫, এই স্কেলে পাচ্ছে।

শ্রীআতিকুল ইসলাম :— ইয়ারলি ইনক্রিমেণ্ট কি তারা পান, না পান না ?

শ্রীবি, দাস :— ইয়ারলি ইক্রীমেন্ট তারা পাবেন এবং পেয়ে থাকেন।

শ্রীআতিকুল ইসলাম :— ইয়ারলী ইক্রীমেন্ট তারা পান না স্যার, মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন তাদের টি, এ, দেওয়া হয় কিনা ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাদের টি, এ, দেওয়া হয় এবং ফিক্সড টি, এ,

শ্রীহেমন্ত দেব :— মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, যে ১৬ জন এই শ্রেণীর কর্ম্মচারী সেখানে আছেন তারা ৬৫ টাকা পাচ্ছে, ইহা কি ঠিক ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাদের পেস্কেলটা হচ্ছে ৬৫-১-৮৫ তার সাথে আদায় এ্যালাউন্স এবং একটা ফিক্সড টি, এ, তারা পান।

শ্রীআতিকুল ইসলাম :— স্যার, ঘটনা হচ্ছে এটা যে তারা একটা ফিক্সড পে পান এবং ইয়ারলী ইক্রীমেন্ট তারা পান না, অথচ তিনি বলছেন যে ইয়ারলি ইক্রীমেন্ট দেওয়া হয় এবং এ্যালাউয়েন্স দেওয়া হয়। কিন্তু ঘটনা হচ্ছে যে সেখানে যেই ১৬ জন কর্মচারী আছেন তারা ৬৫ টাকা ফিক্সড পে পান, ইয়ারলি ইক্রীমেন্ট তাদের দেওয়া হয়না, কোন টি,এ, ও তাদের দেওয়া হয়না। উনি বলছেন সব দেওয়া হয়, তাহলে আমরা যাই কোথায় ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, একথাটা ঠিক নয়। তাদের স্কেল আছে ৬৫-১-৬৫, তাছাড়া ফিকসড টি, এ উনারা পান, একথাটাই আমরা বলতে চাইছি।

শ্রীঅঘোর দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলতে পারেন ফিক্সড টি, এ, তারা কত করে পান ?

শ্রীবি, দাস :— ২০ টাকা পার মান্থ।

Mr. Speaker :— Shri Atiqul Islam.

Shri Atiqul Islam :— 624.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred Question No. 624.

QUESTION	ANSWER
1) Whether the Government purchase cocoons from the village rearers ;	No.
2) if so, at what price.	Does not arise.
3) whether the Government proposes to increase the price of cocoons in order to encourage the village reares ?	Does not arise.

শ্রীআতিকুল ইসলাম :— স্যার, এ্যাগ্রিকালচার থেকে তাদের কোকন দেওয়া হয়, তারা সেখানে পোকা করলে পরে Sericulture Deptt. থেকে গিয়ে সেগুলি কিনে আনে। তারা বলেছেন কিছুই কিনি না। এইরকম যদি মন্ত্রীরা উত্তর দেয়—

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, মন্ত্রীরা ঠিক উত্তরই দিয়েছেন। উনিই সেই প্রশ্ন করতে পারেন নি এবং তিনি সেটা জানেন না, সেইজন্যই এই ধরণের একটা বেখাপ্পা প্রশ্ন করেছেন। প্রশ্ন হল বিশ্রামগঞ্জ আদিবাসী তাঁতশিল্প সমবায় সমিতি, তারা গিয়ে সেই কোকনগুলি কিনে আনেন, গভর্ণমেন্ট সেখানে কিনেন কি-না ?

Mr. Speaker :— Shri Ershad Ali Choudhury.

Shri Ershad Ali Choudhury :—953.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, Starred question No. 953.

QUESTION	ANSWER
1) Whether the town road i.e. the road on the West Bank of 'Jaganath Dighi' nearly half of a mile will be black topped recently ;	1) Yes.
2) if not, the reason thereof ?	2) Does not arise.

শ্রীএরসাদ আলী চৌধুরী :— এটা কি প্ল্যানের না, নন-প্ল্যানের কাজ ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই তথ্যটা এই মূহুর্ত্তে আমার কাছে নেই।

শ্রীএরসাদ আলী চৌধুরী :— কত টাকা এটার জন্য স্যাংশান করা হয়েছে ?

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয়, ইম্প্রুভমেণ্ট অব উদয়পুর টাউন রোড, তারজন্য ৪,০৭,৩০০/- টাকা ধরা হয়েছে এবং জগন্নাথ দীঘির পশ্চিম পাড়ের যে রাস্তাটা সেজন্য ৫৫,২০০/- টাকা। তার মধ্যে ২৪,৮৬০/- টাকার কাজ অলরেডি সেখানে হয়ে গেছে এবং সেখানে সেগুলি সয়েলিং এর জন্য ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে।

শ্রীনিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি উদয়পুর টাউন রোডগুলি কয়টা গ্রুপ করা হয়েছে ?

শ্রীবি, দাস :— এই তথ্যটি আমার কাছে নেই।

শ্রীনিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি এই যে ওয়ার্কগুলি এইগুলি কোন বৎসরে এষ্টিমেট করা হয়েছিল ?

শ্রীবি, দাস :— সমস্ত কাজগুলির সম্বন্ধে আমি বলতে পারছি না। পার্টিকুলার যে রাস্তা সেই রাস্তা সম্বন্ধে আমি বলছিলাম যে ওয়ার্ক অর্ডার ফর সাপ্লাই অব ব্রিকস ওয়াজ ইস্যুড অন ৯.১১.৬৫ অ্যাণ্ড ফর দি সয়েলিং অ্যাণ্ড মেটালিং অন ১১-২-৬৬। এই তথ্যটুকু আমার কাছে আছে।

Shri Ershad Ali Choudhury :—When the black topping of this road will be completed ?

শ্রীবি, দাস :— আর্থ ওয়ার্ক কমপ্লিট হয়ে গেছে। The work is expected to be completed by March, 1967.

শ্রীনিশিকান্ত সরকার :— মাননীয় মন্ত্রী মহোদয় বলবেন কি যে কয়টা টাউন রোড এষ্টিমেটে ধরা হয়েছিল এবং সেগুলি এই বছর হওয়া সম্ভব কিনা ?

শ্রীবি, দাস :— আই ডিমাণ্ড নোটিশ।

Mr. Speaker :—Shri Atiqul Islam again.

Shri Atiqul Islam :— 622.

Shri B. Das :— Hon'ble Speaker, Sir, question No. 622.

QUESTION	ANSWER
1) Whether the Government has made any assessment as to the result of the implementation of the various schemes under Sericulture Industries ;	1) Yes.
2) if so, what is the result of that assessment ;	2) Encouraging,
3) if not, whether the Govt. propose to make such as assessment so that the real position of the implementation of the said schemes can be ascertained ?	3) Does not arise.

শ্রীআতিকুল ইসলাম :— এই অ্যাসেসমেণ্টটা কে করেছে জানতে পারি কি ?

শ্রীবি, দাস :— গভর্ণমেণ্ট করে থাকেন। ইনডাস্ট্রিজ ডিপার্টমেণ্ট করেছেন।

শ্রীআতিকুল ইসলাম :—ইণ্ডাষ্ট্রীজ ডিপার্টমেণ্ট তো করেন নি। সাম পার্সন করেছেন কে করেছেন বলুন না।

শ্রীবি, দাস :— মাননীয় অধ্যক্ষ মহোদয় ইণ্ডাষ্ট্রীজ ডিপার্টমেণ্ট করেন। সেখানে পার্সন বলে কোন কথা নাই।

শ্রীআতিকুল ইসলাম :—স্যার আমি আমার প্রশ্নটার উত্তর চাই। আমার কথা হল এই যে তারা অ্যাসেসমেণ্ট করেছেন, সেই অ্যাসেসমেণ্ট করার জন্য গভর্ণমেণ্ট কোন অ্যাসেসমেণ্ট কমিটি করেছেন কিনা ?

শ্রীবি, দাস :—আমার কথা হল ডিপার্টমেণ্ট থেকে কয়েকজন সেটা করে থাকেন।

Mr. Speaker :— Is there any committee ?

শ্রীবি, দাস :—মাননীয় অধ্যক্ষ মহোদয়, সেখানে কোন কমিটি নাই।

শ্রীআতিকুল ইসলাম :— যারা সেসমস্ত করে থাকেন তাঁরা কি কোন রিপোর্ট সাবমিট করছেন গভর্ণমেণ্টের কাছে।

শ্রীবি, দাস:— রিপোর্ট আছে।

শ্রীআতিকুল ইসলাম :—সেই রিপোর্টটা কি ?

Shri B. Das :— Quantity of kokan produced in the year 1963-64, 7.17 K.G. in 1964-65, 1,000 K. G. In 1965-66 upto January, 1966—1,500 Kg. Quantity of yarn produced in 1963-64, 70 K. G. in 1964-65, 150 Kg. and in 1965-66 upto Jan. 1966, 168 Kg.

শ্রীআত্তিকুল ইসলাম :—স্যার দিস ইজ এ ষ্টেটমেণ্ট অব প্রডাকশন। অ্যাসেসমেণ্ট বলতে এটা বুঝায় যে এই যে প্রডাকশন এখানে হল সেটা থেকে অ্যাসেসমেণ্ট করে ত্রিপুরার একটা ফিউচার রিপোর্ট তারা দিয়েছে কিনা। দিস ইজ কল্ড অ্যাসেসমেণ্ট, মাই ডিয়ার স্যার।

শ্রীবি, দাস :— অ্যাসেসমেণ্টের মধ্যে প্রডাকশন একটা আইটেম আছে।

শ্রীআত্তিকুল ইসলাম :—সেরিকালচার ডেভেলপমেণ্ট হওয়ার সম্ভাবনা ত্রিপুরায় কতখানি এইরকম কোন অ্যাসেসমেণ্ট গভর্ণমেণ্ট করেছেন কিনা ?

শ্রীবি, দাস :— আমরা আপাতত: যেটা দেখছি সেটা এনকারেজিং।

শ্রীআত্তিকুল ইসলাম :— আমি তো আপনার কথা শুনতে চাই না। যারা নাকি অ্যাসেসমেণ্ট রিপোর্ট সাবমিট করেছেন তারা কি বলেছেন ?

শ্রীবি, দাস :— আমাদের ডিপার্টমেণ্ট থেকে যেটা নাকি অ্যাসেসমেণ্ট করেছে তার যে রিপোর্ট সেটা হচ্ছে এনকারেজিং। সেটাই আমি বলছি।

Mr. Speaker : — All the starred questions of the members present are over. One short notice question given notice of by Shri Nripendra Chakraborty. Hon'ble Member Shri Sudhanwa Deb Barma may ask.

Shri Sudhanwa Deb Barma :—978.

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Short Notice question No. 978

QUESTION	ANSWER
1) whether it is a fact that Shri Lila Kumar Tripura of Zamirchhera in Kailashahar sub-divisions died of continued starvation ;	1) No.
2) Whether it is a fact that people of that area are starving due to scarcity of food grains ;	2) No.
3) if so, steps taken to supply adequate quantity of food grains to the people of that area ?	3) Does not arise.

শ্রীসুধন্ব দেববর্মা :—এই এলাকায় ধুমাছড়া বাজারে বর্ত্তমানে চালের দর কত ?

শ্রীবি, দাস :—আজকের বাজার দরটা এই মুহূর্ত্তে আমার কাছে নেই।

শ্রীসুধন্ব দেববর্মা :—সেখানে একটা রিলিফ করে দেখবেন কি, যে সেখানে অভাব আছে কিনা ?

শ্রীবি, দাস :—যখনি কোনরকম দুর্মূল্য হয় তখন সাধারণতঃ ষ্টেট রিলিফ করা হয় এবং ফেয়ার প্রাইস সপের সেখানে ব্যবস্থা করা হয়।

শ্রীসুধন্ব দেববর্মা :—যদিও মন্ত্রী মহোদয় উত্তরে 'না' বলেছেন তবুও সেখানকার অবস্থাটা, চালের দর এবং স্কার্সিটি আছে কিনা সেটা দেখবার জন্যই ষ্টেট রিলিফএর ব্যবস্থা করবেন কিনা ?

শ্রীবি, দাস :—মাননীয় সদস্য যেটা বলেছেন সেটা আমরা খোঁজ নিয়ে দেখব।

শ্রীআতিকুল ইসলাম :—লীলা কুমার ত্রিপুরা কিভাবে মারা গিয়েছেন মাননীয় মন্ত্রী মহোদয় বলতে পারেন কি ?

শ্রীবি, দাস :—উনার একটা অসুখ ছিল। টি, বি, এ্যাণ্ড লেপ্রোসী।

শ্রীআতিকুল ইসলাম :—তার টি, বি, চিকিৎসা কোন্ ডাক্তার করেছেন ?

শ্রীবি, দাস :—তিনি হয়ত আমাদের টি, বি, ক্লিনিকে এসে চিকিৎসা করিয়েছেন।

শ্রীআতিকুল ইসলাম :—কোন ডাক্তার করেছেন ?

শ্রীবি, দাস :—আই ডিমাণ্ড নোটিশ।

শ্রীআতিকুল ইসলাম :—মাননীয় মন্ত্রী মহোদয়, জানাবেন কি যে সেই এলাকাতে কয়টা রেশনের দোকান আছে এই পর্যন্ত ?

শ্রীবি, দাস :—দুইটা রেশনের দোকান আছে। একটা হচ্ছে ধুমাছড়া, আর একটা হচ্ছে মনু এবং দামীছড়া থেকে ১২ মাইলের মধ্যে।

Mr. Speaker :—There is another starred question by Shri Nripendra Chakraborty.

Shri Sudhanwa Deb Barma :—438

Shri B. Das :—Hon'ble Speaker, Sir, Starred question No. 438.

QUESTION	ANSWER
1) Total account of money spent under different schemes for the relief and rehabilitation of D. P.s who migrated to Tripura during last 3 years through exchange of properties with Muslims ;	a) Grant for seeds & fertilisers Rs. 1,59,620/- b) Grant for sinking of tube-wells Rs. 6,125/- c) Loan for purchase of bullocks and power tillers Rs. 5,72,441/-
2) Whether the Govt. has scheme to give these D.P.s economic rehabilitation ;	Yes.
3) If so, details of these schemes ?	A scheme for granting of loan for purchase of yarn and loom to 750 skilled weavers amongst the new migrant who have come on exchange of properties has been sanctioned by the Govt. of India.

। দেববর্মা :—মাননীয় মন্ত্রী মহোদয় কি বলবেন, একসচেঞ্জ স্রোতে পাকিস্তান থেকে কত সংখ্যক হিন্দু ত্রিপুরায় এসেছেন এবং ত্রিপুরা থেকে কত সংখ্যক মুসলিম পাকিস্তানে গেছেন ?

Mr. Speaker :—This question can not be asked. I can not allow this.

The Starred Questions of all the Members present and absent are over. There are some Unstarred questions. I would request the Hon'ble Minister to lay on the table of the House the reply to the Unstarred Questions

(Replies to the Unstarred questions are shown in Appendix 'A')

I pass on to the Next Item-Intimation regarding President's Assent to the Bills.

The following Bills, received the Assent of the President on the 28th March, 1966—

1) The Appropriation (Vote on Account) Bill, 1966 (Bill No. 1 of 1966).

2) The Appropriation (No. 2) Bill, 1966 (Bill No. 2 of 1966).

These are for information of all Members.

I pass on to the Next Item. Next item is Calling attention Notice.

There is one Calling Attention given notice of by Shri Bulu Kuki, M.L.A., on the 11th April, 1966, to which the minister concerned agreed to make a statement to-day, the 12th April, 1966.

I would call on the Hon'ble Minister in-charge of the Medical Department to make a statement on—

"Continuous death of six members of the family of Rabichandra Deb-Barma S/O. Pushroy Deb Barma of Vill. Rupacherra P. S. Teliamura begining from 24th March to 29th March, 1966. On 24th March Sovaroy S/o. Rabichandra died, on 25th March, Kufula S/o Rabichandra died, on 26th March Pushroy, father of Rabichandra died, on 27th March, Sudhini D/o. Rabichandra died, on 28th March Rabichandra himself died, on 29th March, Baisanti W/o Rabichandra died".

শ্রী বি, দাস ঃ—মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২০/৩/৬৬ ইং সনে রাত্রিতে একটা খবর আসে মেডিক্যাল অফিসার, প্রাইমারী হেল্‌থ সেণ্টার, তেলিয়ামুড়া যে রূপছড়া গ্রামেতে কিছু লোকের মৃত্যু হয়েছে এবং সেখানে নানারকম অসুখ বিসুখ আছে। পরের দিন সকাল বেলা সেকেণ্ড মেডিক্যাল অফিসারকে ইউনিসেফ ভেহিকল দিয়ে সেখানে পাঠান হয়, মানে ৩১/৩/৬৬ ইং সনে। সেখানে গিয়ে তিনি দেখেন যে কুসুম দেববর্মা বলে একটা ছেলে বয়স তার পাঁচ বছর, জ্বরে পরে এবং সেই পেশাণ্টকে প্রাইমারী হেল্‌থ সেণ্টারে নিয়ে আসা হয় এবং তাকে চিকিৎসা করা হয় এবং সে ভাল হয়ে যায়, তাকে বাড়ীতে পাঠিয়ে দেওয়া এবং সেখানকার যে ডাক্তার বাবু গিয়েছিলেন তিনি এনকোয়ারী করলেন, এনকোয়ারী করে উনি দেখলেন যে কিছু লোকের সেখানে মৃত্যু হয়েছে এবং যত রকমের স্টেপ নেওয়া দরকার, প্রয়োজন অনুযায়ী

সমস্ত রকমের স্টেপ তিনি নিয়েছেন। তারপর আর কোনরকম মৃত্যু সেখানে হয় নাই। প্রথম যে মৃত্যুটি হয় সেটা হয়েছিল ১৮/৩/৬৬ ইং সনে। একটি দুই দিনের শিশু সে মারা যায় এবং সেই শিশুটি প্রিম্যাচুর ছিল। ২য় মৃত্যুটী হয় ২০/৩/৬৬ ইং সনে। কিউফুলা দেববর্ম্মা, বয়স আট বছর, রবী দেববর্ম্মার ছেলে। তার খুব শক্ত জ্বর হয়েছিল, হাই ফীভার এবং শুধু একদিনের জ্বরে, তাতে সে মারা যায়। ৩য় মৃত্যুটি হয় ২৪/৩/৬৬ ইং সনে। এবং সে হচ্ছে পুসুরাই দেববর্ম্মা, উনার বয়স এ্যাবাউট ৭০ ইয়ার্স, উনার ছিল কফ, হাই ফীভার, এক সপ্তাহ যাবৎ ভুগছেন, তারপর তিনি মারা গেছেন। ৪র্থ মৃত্যুটি ২৫/৩/৬৬ ইং সনে। রবী দেববর্ম্মা, বয়স এ্যাবাউট ৪৫ ইয়ার্স, হাই ফীভার এবং আটদিন উনি জ্বরে ভুগেন এবং তারপর তিনি মারা যান। ৫ম মৃত্যুটী হয় ২৬/৩/৬৬ ইং সনে এবং উনি হচ্ছেন বৈসন্তী দেবী, বয়স ছিল ৪০ বছর, উনি রবী দেববর্ম্মার স্ত্রী, তার একটা ষ্টিল বর্ন চাইল্ড ডেলীভারী হয়, তারপর উনার Puerpsal sepsis হয় এবং উনি চার পাঁচ দিন ভুগেন তারপর তিনি মারা যান। একমাত্র কুসুম দেববর্ম্মা, প্রথম যে ছেলাটার কথা বলেছিলাম, পাঁচ বছর তার বয়স, একমাত্র তারই চিকিৎসা হয় আমাদের হাসপাতালে, আর বাকীগুলির কোন রকম ইনফর্মেশান আমাদের ছিল না। ৩১/৩/৬৬ ইং সনে ইনফর্মেশান আসার সাথে সাথে আমরা সেখানে খবরাখবর নিয়েছি। কাজেই এই হচ্ছে সেখানকার ব্যাপারের বিবৃতি এবং যারা মারা গেছেন সেখানে, তাদের জন্য সত্যই আমরা দুঃখিত এবং তাদের পরিবারবর্গকে আমাদের সমবেদনা জানাচ্ছি।

Mr. Speaker :—Then I pass on to the Next Item.

GOVERNMENT BUSINESS (LEGISLATION).

Consideration & passing of the Appropriation (No. 3), Bill 1966 (Bill No. 3 of 1966).

Mr. Speaker :— Next item in the List of Business, the Appropriation (No. 3) Bill, 1966 (Bill No. 3 of 1966) is to be taken into consideration. I would request the Hon'ble Minister in-charge to move his motion for consideration of the Bill.

Shri M. L. Bhowmik :—Mr. Speaker, Sir, I beg to move that the Appropriation (No. 3) Bill, 1966 (Bill No. 3 of 1966) be taken into consideration at once.

Mr. Speaker :—There is no Member to speak. I put the question to vote. The question before the House is that the motion moved by the Hon'ble Minister in-charge that the Appropriation (No. 3) Bill, 1966 (Bill No. 3 of 1966) be taken into consideration at once.

As many as are of that opinion will please say 'AYES'.

'AYES.'

As many as are of contrary opinion will please say 'NOES'.

Mr. Speaker :—Ayes have it ; Ayes have it.

I would put the clause of the Bill one by one to vote.

Cl. 2 do stand part of the Bill.

As many as are of that opinion will please say 'AYES'.

'AYES'.

As many as are of contrary opinion will please say 'NOES'.

Mr. Speaker :— Ayes have it ; Ayes have it.

Cl. 3 do stand part of the Bill.

As many as are of that opinion will please say 'AYES'.

'AYES'.

As many as are of contrary opinion will please say 'NOES'.

Mr. Speaker :—Ayes have it ; Ayes have it.

The Schedule do stand part of the bill.

As many as are of that opinion will please say 'AYES'.

'AYES'.

As many as are of contrary opinion will please say 'NOES'.

Mr. Speaker :—Ayes have it ; Ayes have it.

Cl. 1 do stand part of the Bill.

As many as are of that opinion will please say 'AYES'.

'AYES'.

As many as are of contrary opinion will please say 'NOES

Mr. Speaker :— Ayes have it ; Ayes have it.

Mr. Speaker :— The Title do stand part of the Bill.

As many as are of that opinion will please say Ayes.

'AYES.'

As many are of contrary opinion will please say Noes.

Mr. Speaker :— Ayes have it ; Ayes have it.

Next Business is the Passing of the Appropriation (No. 3) Bill, 1966 (Bill No, 3 of 1966). I shall now request the Hon'ble Minister in-charge to move his motion for Passing of the Bill.

Shri M. L. Bhowmik :— Mr. Speaker, Sir, I beg to move that the Appropriation (No. 3) Bill, 1966 (Bill No. 3 of 1966) as settled in the Assmembly be passed.

Mr. Speaker :— I would now put the Motion to vote.

The question before the House is that the Appropriation (No. 3) Bill, 1966 (Bill No. 3 of 1966) as settled in the Assembly be passed.

As many as are of that opinion will please say Ayes.

Ayes.

As mamy as are of contrary opinion will please say Noes.

—

Mr. Speaker :— Ayes have it ; Ayes have it.

The Bill is passed.

Mr. Speaker :— Then all the business are over.

I have it in command from the Administrator that the Assembly do now stand prorogued.

(Papers laid on the table) Appendix—'A'

UN STARRED QUESTION NO. 428—BY SHRI NIPENDRA CHAKRABORTY, M. L. A.

QUESTION	REPLY
1). Names of the Tea Gardens who failed to make payment of bonus to the workers and employees for 1962-63, 1963-64 and 1964-65 ;	1). In Tea Gardens in Tripura bonuses are paid in Calendar years. As per Bonus Agreement dated 30-11-65 all the Tea Gardens in Tripura have paid bonuses to their workers and employees for the years 1962 and 1963. Tea Garden Managements prayed to this Govt. to allow them time for payment of bonuses for the year 1964 as per proviso to Section 19 of the payment of Bonus Act, 1965. Their prayers are now under consideration of this Govt. The time-limit for payment of bonus for 1965 has not yet lapsed.

2). Steps taken to make these Tea Gardens pay bonuses as per decision of the Tripartite Conference ?	2), Does not arise.

UNSTARRED QUESTION NO 936, BY SHRI NISHI KANTA SARKER, M. L. A.

QUESTION	ANSWER
১। ত্রিপুরার বাস্তত্যাগীর সংখ্যা কত ;	ক) পুরাতন ৩,৭৪,০০০ খ) নূতন ১,২৩,৪৬০
২। পুরানো বাস্তত্যাগীগণের যে পুনর্বাসন দেওয়া হইয়াছে তাহাদের প্রত্যেক পরিবারকে ।/০ পাঁচ কাণি হিসাবে জমি দেওয়া হইয়াছে কি না ;	কতক সংখ্যক কৃষিজীবী বাস্তত্যাগী পরিবারকে ।/০ পাঁচ কাণি হিসাবে দেওয়া হয় নাই।
৩। না দেওয়া হইলে দেওয়ার সম্ভাবনা আছে কিনা ;	সম্ভাবনা আছে।
৪। যেসব পরিবারকে ।/০ পাঁচ কাণি হিসাবে জমি দেওয়া হইয়াছে তাহাদের নামে সেটলমেণ্ট রেকর্ড হইয়াছে কিনা এবং নামজারি হইয়াছে কিনা ;	সেটলমেণ্ট রেকর্ড ও নামজারি কার্য্য এখনও চলিতেছে।
৫। পুরাণো বাস্তত্যাগীগণের ঋণ মকুব সম্পর্কে সরকার হইতে যে আদেশ হইয়াছে তাহা গেজেটে প্রকাশ করা হইয়াছে কিনা, এবং না হইলে সম্ভাবনা আছে কিনা।	এখনও গেজেটে প্রকাশ করা হয় নাই। অদূর ভবিষ্যতে প্রকাশ করার সম্ভাবনা আছে।

UNSTARRED QUESTION NO. 977 by
Shri Nishi Kanta Sarker, M. L. A.

QUESTION	ANSWER
১) উদয়পুর বিভাগে কতগুলি মৎস্য-চাষের দীঘি আছে এবং উহাদের মধ্যে কতটি সরকারের নিজস্ব এবং এ পর্য্যন্ত কতটী ইজারা দেওয়া হইয়াছে ;	উদয়পুর মহকুমায় মোট ১০ (দশ)টি মৎস্য-চাষের দীঘি আছে এবং ঐ সবটিই সরকারের নিজস্ব। উহার মধ্যে এ পর্য্যন্ত মোট ৫ (পাঁচ)টি ইজারা দেওয়া হইয়াছে। There is a total number of 10 Dighis in Udaipur Sub-division for fish cultivation and all those are owned by the Government. Out of them, 5 (five) Nos. have so far been leased out.

২) সরকারী দীঘিগুলির মধ্যে এ পর্য্যন্ত কোনটিতে কতটাকা আয় এবং কত টাকা ব্যয় হইয়াছে ;

উদয়পুর মহকুমার সরকারী দীঘিগুলির মধ্যে এ পর্য্যন্ত কোনটিতে কত আয় এবং কোনটীতে কত ব্যয় হইয়াছে তাহার হিসাব নিম্নে প্রদত্ত হইল :—

দীঘির নাম		মোট আয়ের পরিমাণ (টাকা)	মোট ব্যয়ের পরিমাণ (টাকা)
১। ধানীসাগর দীঘি		২,৫৩৯·০০	৮৪,২৫২·০০
২। চন্দ্রসাগর	,,	—	৪৮,৭০৭·০০
৩। অমরসাগর	,,	৫৬,১৮৯·০০	৩৬,৪৪১·০০
৪। রাজধর মাণিক্য	,,	২৪,৮৮০·০০	১৪,৮৬৬·০০
৫। কমলাসাগর	,,	৪,০২০·০০	১৩,৫৯৬·০০
৬। মহাদেব	,,	১১,২৪৪·০০	—
৭। জগন্নাথ	,,	৪,১৪১·০০	
৮। নাহুয়া	,,	—	—
৯। রামসাগর	,,	—	—
১০। মহেন্দ্র সাগর	,,	—	—
মোট—		১,০৩,০১৪·০০	১,৯৭,৮৬২.০০

An account of income derived and expenditure incurred so far in respect of each of the Govt. owned Dighis of Udaipur Sub-Division is given below :—

Name of Dighis		Total income (Rs.)	Total expenditure (Rs)
1. Dhanisagar Dighi		2,539.00	84,252.00
2 Chandra sagar	,,	—	48,707.00
3. Amarsagar	,,	56,189.00	36,441.00
4. Rajdharmanikya	,,	24,880.00	14,866.00
5. Kamalasagar	,,	40,20.00	13,596.00
6. Mahadev	,,	11,244.00	--
7. Jagannath	,,	41,42.00	—
8. Nanua	,,	—	--
9. Ramsagar	,,	—	—
10. Mahendrasagar	,,	—	—
		1,03,014.00	1.97,862.00

৩) ইহা কি সত্য যে, অমরসাগর দীঘির মাছ-গুলির অধিকাংশই ১৯৬৬ ইং সনের মার্চ মাসে মারা গিয়াছে ;

৪) সত্য হইয়া থাকিলে ইহার কারণ কি এবং ইহাতে সরকারের কতটাকা লোকসান হইয়াছে ?

অমরসাগর দীঘির অধিকাংশ মাছ মারা গিয়াছে, ইহা সত্য নহে। দীর্ঘদীন অনাবৃষ্টির দরুণ এবং অত্যধিক উত্তাপে জলের অম্লতা অস্বাভাবিক বাড়িয়া যায়। ফলে, কতক মাছ জলে ভাসিতে থাকে। অবিলম্বে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় এবং ভাসমান মাছগুলি মরিয়া যাওয়ার আশংকা থাকায় শতকরা ২৫ভাগ মাছ জাল দিয়া ধরিয়া বিক্রী করা হয়। ইহাতে সরকারের আর্থিক কোন ক্ষতি হয় নাই। তবে আগামী মরশুমে ডিমেল মাছের অভাবে কৃত্রিম মৎস্য প্রজনন কার্য্য কিছুটা ব্যাহত হইতে পারে।

আবহাওয়ার প্রতিকূলতা সত্বেও বোর ধান চাষের জন্য অমর সাগর হইতে প্রায় ১ ফুট পরিমাণ জল বাহির করিয়া নেওয়ায় এই অবস্থার সৃষ্টি হইয়াছিল।

It is not a fact that most of the fishes of Amarsagar Dighi have died.

As a result of drought for a long time and due to excessive heat, the acidity of water increased abnormally. Consequently, some fishes floated at the surface level of the water. There having apprehension of the floating fishes being died, 25% of the same were netted out and sold. The Govt. did not sustain any financial loss on account of the same. But it is apprehended that due to dearth of breeders, the induced breeding programme in the ensuing season may hamper to some extent.

In spite of unfavourable weather condition, about 1 foot of water of Amarsgar was taken out for Boro paddy cultivation and this led to the above situation.